শেখ তন্ময়কে নিয়ে মন্তব্যের প্রতিবাদে বাগেরহাটে ঝাড়ু মিছিল (ভিডিও)

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দৌহিত্র ও বাগেরহাট-২ আসনের এমপি শেখ তন্ময় সম্পর্কে ভোলা জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মইনুল হোসেন বিপ্লব কুরুচিপূর্ন মন্তব্যের প্রতিবাদে বাগেরহাটে ঝাড়ু মিছিল, প্রতিবাদ সভা ও কুশ পুত্তলিকা দাহ করা হয়েছে। বিকালে বাগেহাট জেলা ছাত্রলীগের উদ্যোগে শহরের রেল রোডস্থ দলীয় কার্যালয়ের সামনে থেকে মিছিল বের করে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিন করে পুনরায় রেল রোডে এসে শেষ হয়। মিছিল থেকে ‘ বিপ্লবের চামড়া তুলে নেব আমরা, বিপ্লবের দুই গালে জুতা মারো তালে তালে বলে শ্লোগান দেয়া হয়।’

পরে প্রতিবাদ সমাবেশে বক্তব্য দেন, বাগেরহাট জেলা ছাত্রলীগের সভাপতি মোঃ মনির হোসেন, সাধারণ সম্পাদক নাহিয়ান সুলতান আল ওশান, পিসি কলেজ ছাত্রলীগের সভাপতি ইয়াছির আরাফাত নোমান, বাগেরহাট জেলা ছাত্রলীগের, সহ-সভাপতি আল আমিন ফেরদাউস, অনিক সাহা, কাজী মনজুরুল হাসান উল্কা, দপ্তর সম্পাদক মোঃ ফয়সাল, যুগ্ম-সাধারণ সম্পাদক মিঠুন সাহা, সাংগঠনিক সম্পাদক নকীব বায়েজীদ, সাংগঠনিক সম্পাদক শেখ তাসবির বাশার, অর্থ বিষয়ক সম্পাদক শফিকুল ইসলাম, উপ-স্কুল বিষয়ক সম্পাদক আতিকুজ্জামান অনি, জেলা ছাত্রলীগের সদস্য বোরহান খন্দকার, জয় সরদার, নাজিয়ান, বাগেরহাট সদর উপজেলা ছাত্রলীগের সভাপতি জুয়েল হাসান সাদ্দাম , সাধারণ সম্পাদক তারিফ-উল ইসলাম পিয়াস, পৌর ছাত্রলীগের সভাপতি উজ্জ্বল সাহা, সাধারন সম্পাদক রানা সরদার প্রমুখ।

বক্তারা বলেন, শুধু বাগেরহাটের নয় সারা বাংলাদেশের যুবসমাজের অহংকার সংসদ সদস্য শেখ তন্ময় সম্পর্কে যে কুরুচিপূর্ণ মন্তব্যে বিপ্লব করেছে এজন্য তাকে প্রকাশ্যে ক্ষমা চাইতে হবে। না হলে ছাত্র লীগ ঘরে বসে থাকবে না। যতদিন সে ক্ষমা না চাইবে তত দিন এই আন্দোলন অব্যহত থাকবে বলে জানান বক্তারা।

মিছিলে ছাত্রলীগের কয়েক হাজার নেতাকর্মীরা অংশ গ্রহন নেয়। পরে রেলরোড চত্তরে ভোলার বিপ্লবের কুশ পুত্তলিকা দাহ করেন ছাত্রলীগ নেতৃবৃন্দ।
সংশ্লিষ্ট সুত্রে জানাগেছে, ভোলা জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক, মইনুল হোসেন বিপ্লব একটি জনসভার, ভিডিও ক্লিপ কিছুদিন আগে সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়। ওই জনসভায় মইনুল হোসেন বিপ্লব উপস্থিত কর্মী-সমার্থকদের উদ্দেশ্যে তাকে জিজ্ঞাসা করা এক ব্যক্তির প্রশ্ন সম্পর্কে বলেন, ঐ ব্যক্তি নাকি তাকে জিজ্ঞাসা করেছিল আপনি ছাত্রলীগ, যুবলীগ না করে ভোলা জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক হলেন কিভাবে? পরবর্তীতে মইনুল হোসেন বিপ্লব ঐ ব্যক্তিকে প্রশ্ন করেন, তাহলে শেখ হেলালের ছেলে এমপি হল কীভাবে? তিনি আরো বলেন, যে তার করা প্রশ্নের নাকি ঐ ব্যক্তি আর দিতে পারেনি।

পরবর্তীতে এই ভিডিও ভাইরাল হলে সামাজিক যোগাযোগ মাধ্যমে সমালোচনার ঝড় ওঠে। সারাদেশে শেখ তন্ময়ের কর্মী-সমর্থকরা সামাজিক যোগাযোগ মাধ্যমে মইনুল হোসেন বিপ্লবের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান।

ভিডিও